রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, জুন ২৬, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ/২৬ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নং ২২৫-আইন/২০২৪**।—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম**।—এই বিধিমালা স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(গ) **"নিয়োগকারী কর্তৃপক্ষ"** অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোনো কর্মকর্তা;

(ঘ) **"পদ"** অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

(ঙ) **"প্রয়োজনীয় যোগ্যতা"** অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) **"শিক্ষানবিশ"** অর্থ কোনো পদে নির্দিষ্ট সময়ের জন্য শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;


মূল্য : টাকা ২০.০০

(ছ) **"স্বীকৃত বিশ্ববিদ্যালয়"** বা **"স্বীকৃত প্রতিষ্ঠান"** বা **"স্বীকৃত ইনস্টিটিউট"** বা **"স্বীকৃত বোর্ড"** অর্থ কোনো আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয়, প্রতিষ্ঠান, ইনস্টিটিউট বা বোর্ড এবং সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয়, প্রতিষ্ঠান, ইনস্টিটিউট বা বোর্ড।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৯(৩) অনুচ্ছেদ এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে, যদি থাকে, কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ প্রদান করিতে হইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিল-১ এ বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের এখতিয়ারভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ গ্রহণপূর্বক কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি মৌখিক ও লিখিত পরীক্ষার ভিত্তিতে নিয়োগের সুপারিশ করিবে, তবে ২০ তম গ্রেডের কোনো পদে লিখিত পরীক্ষা গ্রহণ করা বা না করা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হইবে।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষ, তদকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত করা না হয়, বা তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরমে যদি থাকে, ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকিয়া স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৬) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া কোনো ব্যক্তি নিয়োগপ্রাপ্ত হইলে, তাহার পূর্ব চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য গণনাযোগ্য হইবে এবং জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধার জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ১৩—১৬ গ্রেডের কোনো পদ হইতে ১০—১২ গ্রেডের কোনো পদে এবং ১০—১২ গ্রেডের কোনো পদ হইতে নবম বা তদূর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) কোনো ব্যক্তির চাকরি বৃত্তান্ত সন্তোষজনক না হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী পদে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালার বিধান অনুযায়ী পদোন্নতি প্রদান করা যাইবে, তবে উক্ত পদোন্নতি অস্থায়ী হইবে এবং পদ স্থায়ী হইলে উক্ত পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **শিক্ষানবিশি**।—(১) কোনো স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি হিসাবে সরাসরি নিয়োগের ক্ষেত্রে স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসর এবং পদোন্নতির ক্ষেত্রে এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশির মেয়াদ ১ (এক) বা একাধিকবার এইরূপে বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেইক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালীন নিয়োগকারী কর্তৃপক্ষ বিবেচনা করে যে, তাহার কর্ম ও আচরণ সন্তোষজনক নহে, বা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যেই পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশির মেয়াদ চলাকালীন কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি বিবেচনা করে যে, শিক্ষানবিশির মেয়াদ চলাকালীন শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারি আদেশক্রমে, সময় সময়, যেই পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন :

তবে শর্ত থাকে যে, যেই সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইয়াছে সেই সকল কর্মচারীকে তফসিল-১ এ বর্ণিত পদের শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যেই তারিখে স্থায়ী হইবে, সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকরি স্থায়ী হইবে।

৭। **প্রেষণ**।—নিয়োগকারী কর্তৃপক্ষ তফসিল-১ এ বর্ণিত প্রেষণে বদলিভিত্তিক কোনো পদে প্রেষণে বদলির মাধ্যমে পদায়ন করিতে পারিবে।

৮। **বিশেষ বিধান**।—(১) তফসিল-১ এ উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় কোটায় ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

(২) তফসিল-১ এ উল্লিখিত পরিচ্ছন্নতা কর্মী ও নিরাপত্তা প্রহরী পদসমূহে বর্তমানে কর্মরত কোনো কর্মচারীর অবসর গ্রহণ, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে উক্ত পদসমূহ শূন্য হইলে অথবা উক্ত পদসমূহে কর্মরত কোনো কর্মচারী উচ্চতর পদে পদোন্নতি প্রাপ্ত হইলে উক্ত শূন্য পদসমূহে কোনো প্রকার নূতন নিয়োগ প্রদান করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, এই বিধানে যাহা কিছুই থাকুক না কেন, পরিচ্ছন্নতা কর্মী ও নিরাপত্তা প্রহরী পদসমূহে আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী আউটসোর্সিং এর মাধ্যমে সেবা ক্রয় করা যাইবে।

৯। **রহিতকরণ ও হেফাজত**।—(১) স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১১ এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও উক্ত নিয়োগ বিধিমালার আওতায় যেই সকল কার্যক্রম নিষ্পন্ন হইয়াছে তাহা এই নিয়োগ বিধিমালার অধীন সম্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই নিয়োগ বিধিমালা জারির তারিখে অনিষ্পন্ন কার্যাদি এই বিধিমালার বিধানের সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এই নিয়োগ বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল-১**

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | প্রধান প্রকৌশলী | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী পদে ৩ (তিন) বৎসরের চাকরিসহ নবম ও তদূর্ধ্ব গ্রেডের পদে ১৮ (আঠার) বৎসরের চাকরি।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সমপদমর্যাদার প্রধান প্রকৌশলী অথবা প্রধান প্রকৌশলী হিসাবে নিয়োগ লাভের যোগ্য এমন কর্মচারীগণের মধ্য হইতে। |
| ২। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী | - | পদোন্নতির মাধ্যমে | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) বা তত্ত্বাবধায়ক প্রকৌশলী পদে ২ (দুই) বৎসরের চাকরিসহ নবম ও তদূর্ধ্ব গ্রেডের পদে ১৫ (পনের) বৎসরের চাকরি। |
| ৩। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) নির্বাহী প্রকৌশলী (পুর) পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরিসহ নবম ও তদূর্ধ্ব গ্রেডের পদে ১২ (বার) বৎসরের চাকরি; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ৪। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | - | পদোন্নতির মাধ্যমে | (ক) নির্বাহী প্রকৌশলী (পুর) পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরিসহ নবম ও তদূর্ধ্ব গ্রেডের পদে ১২ (বার) বৎসরের চাকরি; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৫। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (তড়িৎ) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) নির্বাহী প্রকৌশলী (তড়িৎ) পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরিসহ নবম ও তদূর্ধ্ব গ্রেডের পদে ১২ (বারো) বৎসরের চাকরি; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে তড়িৎ কৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ৬। | উপ-প্রধান স্থপতি | - | পদোন্নতির মাধ্যমে | (ক) সহকারী প্রধান স্থপতি পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরিসহ নবম ও তদূর্ধ্ব গ্রেডের পদে ১২ (বারো) বৎসরের চাকরি; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্থাপত্য কৌশল বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ৭। | পরিচালক | - | প্রেষণে বদলির মাধ্যমে | সমপদমর্যাদা সম্পন্ন সরকারি কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৮। | নির্বাহী প্রকৌশলী (পুর) | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী প্রকৌশলী (পুর) পদে ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ৯। | নির্বাহী প্রকৌশলী (তড়িৎ) | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী প্রকৌশলী (তড়িৎ) পদে ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ১০। | উপ-পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগ বা বদলির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সহকারী পরিচালক (প্রশাসন), সহকারী পরিচালক (প্রশিক্ষণ) বা সহকারী পরিচালক (অর্থ) পদে ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সমপদমর্যাদা সম্পন্ন সরকারি কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১১। | সহকারী প্রধান স্থপতি | ৩৫ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) সহকারী স্থপতি পদে ৭ (সাত) বৎসরের চাকরি; এবং<br>(খ) স্থাপত্য কৌশল বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) সরকারি বা আধা সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে নবম ও তদূর্ধ্ব গ্রেডের পদে ৭ (সাত) বৎসরের চাকরি; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্থাপত্য কৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ১২। | প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১৩। | সহকারী প্রকৌশলী (পুর) | ৩০ বৎসর | (ক) ৩৩% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ৬৭% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>উপ-সহকারী প্রকৌশলী (পুর) বা এস্টিমেটর (পুর) পদে ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>(খ) অ্যাসোসিয়েট মেম্বারশিপ অফ দা ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স (এএমআইই) বাংলাদেশ এর সেকশন-এ এবং বি পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৪। | সহকারী প্রকৌশলী (তড়িৎ) | ৩০ বৎসর | (ক) ৩৩% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ৬৭% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ) বা এস্টিমেটর (তড়িৎ) পদে ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে তড়িৎ কৌশল বা ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) অথবা স্নাতকোত্তর ডিগ্রি; অথবা |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) অ্যাসোসিয়েট মেম্বারশিপ অফ দা ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স (এএমআইই) বাংলাদেশ এর সেকশন-এ এবং বি পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৫। | সহকারী স্থপতি | ৩০ বৎসর | (ক) ৩৩% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ৬৭% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) ড্রাফটস্‌ম্যান (উচ্চতর) পদে ৭ (সাত) বৎসরের চাকরি; এবং<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে স্থাপত্য কৌশল বিষয়ে ডিপ্লোমা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্থাপত্য কৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) অথবা স্নাতকোত্তর ডিগ্রি। |
| ১৬। | সহকারী পরিচালক (অর্থ) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>হিসাবরক্ষণ কর্মকর্তা পদে ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় অনুষদভুক্ত যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে অন্যূন ৬ (ছয়) মাস মেয়াদি MS Word, Excel, Word Processing এ প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ থাকিতে পারিবে না। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৭। | সহকারী পরিচালক (প্রশাসন) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>প্রশাসনিক কর্মকর্তা পদে ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট হইতে অন্যূন ৬ (ছয়) মাস মেয়াদি MS Word, Excel, Word Processing এ প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ থাকিতে পারিবে না। |
| ১৮। | সহকারী পরিচালক (প্রশিক্ষণ) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>প্রশাসনিক কর্মকর্তা পদে ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে অন্যূন ৬ (ছয়) মাস মেয়াদি MS Word, Excel, Word Processing এ প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ থাকিতে পারিবে না। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৯। | সহকারী প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ২০। | হিসাবরক্ষণ কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | (ক) হিসাব রক্ষক অথবা ক্যাশিয়ার পদে ১০ (দশ) বৎসরের চাকরি; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত যে কোনো বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ২১। | প্রশাসনিক কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | (ক) সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে ৮ (আট) বৎসরের চাকরি; বা<br>(খ) উচ্চমান সহকারী পদে ১০ (দশ) বৎসরের চাকরি। |
| ২২। | সংগ্রহ কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | উচ্চমান সহকারী বা স্টোর কিপার পদে ১০ (দশ) বৎসরের চাকরি। |
| ২৩। | উপ-সহকারী প্রকৌশলী (পুর) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে সিভিল বা সিভিল (উড) বা কন্স্ট্রাকশন বা এনভায়রনমেন্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট হইতে অন্যূন ৬ (ছয়) মাস মেয়াদি MS Word, Excel, Word Processing এ প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ থাকিতে পারিবে না। |
| ২৪। | উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ইলেকট্রিক্যাল বা ইলেকট্রনিক্স বা ইলেকট্রো-মেডিক্যাল বা টেলিকমিউনিকেশন বা ইন্সট্রুমেনটেশন এন্ড প্রসেস কন্ট্রোল বিষয়ে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং; |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট হইতে অন্যূন ৬ (ছয়) মাস মেয়াদি MS Word, Excel, Word Processing এ প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ থাকিতে পারিবে না। |
| ২৫। | এস্টিমেটর (পুর) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে সিভিল বা সিভিল (উড) বা কন্সট্রাকশন বা এনভায়রনমেন্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট হইতে অন্যূন ৬ (ছয়) মাস মেয়াদি MS Word, Excel, Word Processing এ প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ থাকিতে পারিবে না। |
| ২৬। | এস্টিমেটর (তড়িৎ) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ইলেকট্রিক্যাল বা ইলেকট্রনিক্স বা ইলেকট্রো-মেডিক্যাল বা টেলিকমিউনিকেশন বা ইন্সট্রুমেনটেশন এন্ড প্রসেস কন্ট্রোল বিষয়ে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট হইতে অন্যূন ৬ (ছয়) মাস মেয়াদি MS Word, Excel, Word Processing এ প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ থাকিতে পারিবে না। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৭। | ড্রাফটস্‌ম্যান (উচ্চতর) | ৩০ বৎসর | (ক) ৫% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ৯৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>ড্রাফটস্‌ম্যান (নিম্নতর) পদে ১২ (বার) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ স্থাপত্য কৌশল বা ইন্টেরিয়র ডিজাইন বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট হইতে অন্যূন ৬ (ছয়) মাস মেয়াদি MS Word, Excel, Word Processing এ প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ থাকিতে পারিবে না। |
| ২৮। | কম্পিউটার অপারেটর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ২৯। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৩০। | হিসাব রক্ষক | মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ অনুযায়ী। | | |
| ৩১। | ক্যাশিয়ার | মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ অনুযায়ী। | | |
| ৩২। | উচ্চমান সহকারী | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৩৩। | স্টোর কিপার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট হইতে অন্যূন ৬ (ছয়) মাস মেয়াদি MS Word, Excel, Word Processing এ প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৪। | ড্রাফটস্ম্যান (নিম্নতর) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ড্রাফটিং বিষয়ে ট্রেড কোর্স উত্তীর্ণ।<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৫। | গাড়ী চালক (ভারী/হালকা) | সরকারি যানবাহন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৩৬। | অফিস সহকারী- কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | (ক) মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী; এবং<br>(খ) মৌখিক পরীক্ষার পাশ নম্বর ৫০% । | | |
| ৩৭। | ডাটা এন্ট্রি অপারেটর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৩৮। | ফটোকপি অপারেটর | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৩৯। | ক্যাশ সরকার | মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ অনুযায়ী। | | |
| ৪০। | দপ্তরী | (ক) মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | | |
| ৪১। | অফিস সহায়ক | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪২। | পরিচ্ছন্নতা কর্মী | | | (ক) বর্তমানে স্থায়ী পদে কর্মরত কর্মচারীর পদটি পদোন্নতি, অবসর, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে উক্ত পদটি অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী;<br>(খ) অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। |
| ৪৩। | নিরাপত্তা প্রহরী | | | (ক) বর্তমানে চাকরিতে কর্মরত কর্মচারীর পদটি পদোন্নতি, অবসর, মৃত্যু বা অন্য কারণে শূন্য হইলে কোনো উক্ত পদটি অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী;<br>(খ) অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। |
| ৪৪। | ইলেকট্রিশিয়ান | | | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। |
| ৪৫। | কেয়ার টেকার | | | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। |
| ৪৬। | বাবুর্চি | | | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। |
| ৪৭। | সহকারী বাবুর্চি | | | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। |
| ৪৮। | গাড়ি চালক | | | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। |

তফসিল-২
[তফসিল-১ দ্রষ্টব্য]

**দপ্তরী, ড্রাফটস্ম্যান (নিম্নতর), স্টোর কিপার ও উচ্চমান সহকারী পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর ও সময়**

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | পরীক্ষার নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ২০ | ৫০% | ৯০ মিনিট |
| | ২। ইংরেজি | ২০ | | |
| | ৩। গণিত | ১৫ | | |
| | ৪। সাধারণ জ্ঞান | ১৫ | | |
| | মোট | ৭০ | | |
| মৌখিক পরীক্ষা | | ৩০ | ৫০% | |
| সর্বমোট নম্বর | | ১০০ | | |

ব্যাখা: লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ জাহাঙ্গীর আলম
সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd